



মেহেরপুর : ৬৫ বছর বয়সে পিএসসি পরীক্ষা দিচ্ছেন গাংনীর হোগলবাড়িয়া গ্রামের বাসিরন নেছা

—ইত্তেফাক

## ৬৫ বছর বয়সে সমাপনী পরীক্ষা দিচ্ছে বাসিরন

### ■ মেহেরপুর প্রতিনিধি:

বয়স ৬৫ বছর, ২০ নিম্নতমর তিনি ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছেন। বয়সের ভারে নুয়ে পড়েছে দেহ। তবুও লেখাপড়ার অদম্য বাসনা নিয়ে বিদ্যালয়ে ছুটছেন মেহেরপুরের বাসিরন নেছা। বাড়ি থেকে ১কি.মি দূরে মেঠোপথ পাড়ি দিয়ে বিদ্যালয়ে যেতে হয় তাকে। তারপরও ক্লান্তিবোধ নেই। ছোট ছেলে-শেয়েদের সঙ্গে খেলাধুলার পাশাপাশি চালিয়ে যাচ্ছেন জ্ঞান চর্চা।

বয়স যে লেখাপড়ার জন্য কোনো বাধা নয়, তাই প্রমাণ করেছেন মেহেরপুর গাংনী উপজেলার হোগলবাড়িয়া গ্রামের বাসিরন নেছা। ২০ বছর বয়স থেকেই লেখাপড়ার প্রতি ঝোক তার। কিন্তু সংসারের

কাজ ফেলে সময় করে উঠতে পারেননি তিনি। সে সময় নাতি-নাতনিদের বিদ্যালয়ে পৌঁছে দিতেন। নাতিদের সঙ্গে মাঝেমাঝে পড়ালেখা শিখতেন। নাতি এসএসসি পাস করলে সময় আসে তার। যোগাযোগ করেন হোগলবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে। শিক্ষকরাও অনুপ্রাণিত করেন তাকে। তাদের পরামর্শে প্রথম শ্রেণিতে ভর্তি হন। এবার তিনি পিএসসি পরীক্ষায় অংশ নিয়েছেন।

বাসিরন জানান, পিএসসি পাস করতে পারলে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়ে এসএসসি পরীক্ষা দেওয়ার ইচ্ছা তার। অনেকেই ঠাট্টা বিদ্রূপ করলেও কর্পপাত করেননি তাতে। বরং অনেকের উৎসাহে পড়ালেখা চালিয়ে যাচ্ছেন।